



যুদ্ধ কখনোই ঈশ্বরসমর্থিত নয়, ধর্মের নামে সহিংসতার বিরোধিতা পোপের



পোপ লিও। ছবি: সংগৃহীত

ক্যাথলিক বিশ্বের শীর্ষ ধর্মীয় নেতা পোপ লিও চতুর্দশ চলমান বৈশ্বিক সংঘাতের তীব্র সমালোচনা করে বলেছেন, কোনো যুদ্ধই ঈশ্বরের অনুমোদন পায় না। সাম্প্রতিক আন্তর্জাতিক উত্তেজনা, বিশেষ করে যুক্তরাষ্ট্র-ইসরায়েল-ইরান প্রসঙ্গ ঘিরে ধর্মীয় ব্যাখ্যা দেয়ার চেষ্টার প্রেক্ষাপটে তিনি এ মন্তব্য করেন। সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া বার্তায় পোপ বলেন, ঈশ্বর কখনো সংঘাতকে আশীর্বাদ করেন না। খ্রিস্টের অনুসারীরা যুদ্ধ বা বোমা হামলার পক্ষে থাকতে পারেন না। তার মতে, শান্তি প্রতিষ্ঠা সামরিক শক্তি দিয়ে নয়, বরং ধৈর্য, সংলাপ ও সহাবস্থানের মাধ্যমে সম্ভব। যদিও তিনি সরাসরি কারও নাম উল্লেখ করেননি, বিশ্লেষকদের ধারণা—এ বক্তব্য সাম্প্রতিক কিছু মার্কিন রাজনৈতিক মন্তব্যের প্রতিক্রিয়া। এর আগে ইরান নিয়ে কঠোর হুমকির সমালোচনাও করেন তিনি, যা তিনি অগ্রহণযোগ্য বলে উল্লেখ করেন। তার ভাষায়, মধ্যপ্রাচ্যের সংঘাত কেবল সহিংসতা ও বিদ্বেষ বাড়াচ্ছে। পাম সানডের এক ধর্মীয় আয়োজনে পোপ আরও বলেন, যারা যুদ্ধ পরিচালনা করে, তাদের প্রার্থনা ঈশ্বর গ্রহণ করেন না। অন্যদিকে, যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা মহলের কিছু বক্তব্যে যুদ্ধকে ‘ঈশ্বরপ্রদত্ত’ হিসেবে উপস্থাপনের প্রবণতা দেখা গেছে। বিশ্লেষকদের মতে, ধর্মের নামে সংঘাতকে বৈধতা দেওয়ার বিরুদ্ধে পোপের এই অবস্থান আন্তর্জাতিক অঙ্গনে তাৎপর্যপূর্ণ বার্তা দিচ্ছে।